রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

তারিখ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

টিএ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ:

এস, আর, ও নং --------------------------------------- The Inland Water Transport Authority Ordinance, 1958 (E.P. Ord. No. LXXV of 1958) Section 25 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, উদ্দেশ্য ও প্রয়োগ।-** (১) এই বিধিমালা অভ্যন্তরীণ নৌপথে স্থাপনাদি নির্মাণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা বাংলাদেশের অভ্যন্তরীণ নৌপথের উপরে অথবা তলদেশে স্থাপনাদি নির্মাণ বা আনুষঙ্গিক কার্যাবলী নিয়ন্ত্রণের উদ্দেশ্যে জারী করা হইল। তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি দ্বারা জারীকৃত সমুদ্রবন্দরের সীমার অভ্যন্তরে নৌপথসমূহে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা।–** বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়-

(ক) “অভ্যন্তরীণ নৌপথ” অর্থ The Inland Shipping Ordinance, 1976 (Ord. No. LXXII of 1976) এর Section 2 (f) এ সংজ্ঞায়িত “Inland Water”, অথবা যে নৌপথে সারা বৎসর অথবা বৎসরের যে কোন সময়ে যাত্রী, মালামাল ও অন্যান্য সামগ্রী পরিবহন এবং অভ্যন্তরীণ নৌযান চলাচলের জন্য ব্যবহৃত হইতে পারে। উপকূলীয় নৌপথের যে অংশে অভ্যন্তরীণ নৌযান চলাচল করে, এই বিধিমালার আওতায় নিয়ন্ত্রন প্রতিষ্ঠার উদ্দেশ্যে উহাও “অভ্যন্তরীণ নৌপথ হিসাবে গন্য হইবে।

(খ) "বিশেষ শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত নৌপথসমূহ যাহার সর্বনিম্ন গভীরতা সারা বছর ৪.৫ মিটার বিদ্যমান থাকে;

(গ) "প্রথম শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত নৌপথসমূহ অথবা উক্ত তফশিলে তালিকাভুক্ত নহে এইরূপ কোনো নৌপথ যাহার সর্বনিম্ন গভীরতা সারা বছর ৪.০ মিটার বিদ্যমান থাকে;

(ঘ) "দ্বিতীয় শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত নৌপথসমূহ অথবা উক্ত তফশিলে তালিকাভুক্ত নহে এইরূপ কোনো নৌপথ যাহার সর্বনিম্ন গভীরতা সারা বছর ২.৫ মিটার বিদ্যমান থাকে;

(ঙ) "তৃতীয় শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত নৌপথসমূহ অথবা উক্ত তফশিলে তালিকাভুক্ত নহে এইরূপ কোনো নৌপথ যাহার সর্বনিম্ন গভীরতা সারা বছর ২.০ মিটার বিদ্যমান থাকে;

(চ) "চতুর্থ শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত নৌপথসমূহ অথবা উক্ত তফশিলে তালিকাভুক্ত নহে এইরূপ কোনো মৌসুমী নৌপথ যাহাতে ন্যূনতম ১.৫ মিটার গভীরতা বিদ্যমান থাকে;

(ছ) "পঞ্চম শ্রেণির নৌপথ" অর্থ তফশিলে তালিকাভুক্ত মৌসুমী নৌপথসমূহ অথবা উক্ত তফশিলে তালিকাভুক্ত নহে এইরূপ কোনো নৌপথ যাহাতে বৎসরের যেকোন সময় পানির গভীরতা ১.৫ মিটার অতিক্রম করে না;

(জ) "আনুভূমিক ছাড়" (Horizontal Clearance) অর্থ কোন সেতু বা ওভারহেড লাইন (Overhead Line) এর নেভিগেশন স্প্যান (Navigation Span) এর উভয় প্রান্তের পাইল ক্যাপ (Pile Cap) এর মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব;

(ঝ) "উল্লম্ব ছাড়" (Vertical Clearance) অর্থ কোন সেতু বা ওভারহেড লাইন (Overhead Line) এর নেভিগেশন স্প্যান (Navigation Span) বরাবর SHWL (Standard High Water Level) হইতে সেতুর গার্ডার (Girder) বা বীম (Beam) এর তলদেশ এবং ওভারহেড লাইন (Overhead Line) এর ক্ষেত্রে SHWL হইতে উক্ত লাইনের Maximum Sag Point এর মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব;

(ঞ) "কর্তৃপক্ষ" অর্থ The Inland Water Transport Authority Ordinance, 1958 (E.P. Ord. No. LXXV of 1958) এর Section 2 (i) এ সংজ্ঞায়িত "Bangladesh Inland Water Transport Authority"

(ট) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঠ) "তলদেশের পাইপলাইন" অর্থ অভ্যন্তরীণ নৌপথের তলদেশ দিয়া অতিক্রম করানো যে কোন ধরনের পাইপলাইন (Pipe Line), ক্যাবল লাইন (Cable Line) বা অনুরূপ লাইন;

(ড) "শ্রেণিভূক্ত নৌপথ" অর্থ বিধি ২ এর "খ" হইতে "ছ" পর্যন্ত সঞ্জায়িত নৌপথ বিধিমালার সংগে সংযুক্ত তফসিলে উল্লিখিত বিভিন্ন শ্রেণির নৌপথ;

(ঢ) "স্থাপনা" অর্থ কোন অভ্যন্তরীণ নৌপথের উপর সেতু, ওভারহেড লাইন (Overhead Line), তলদেশ পাইপ (Pipe), ক্যাবল লাইন (Cable Line) ও টানেল (Tunnel) বা অনুরূপ স্থাপনা;

(ত) "Standard Low Water Level (SLWL)" অর্থ অভ্যন্তরীণ নৌপথের সংশ্লিষ্ট এলাকায় পানির নিম্নস্তর যাহা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ণয় করা হইয়া থাকে।

(থ) "Standard High Water Level (SHWL)" অর্থ অভ্যন্তরীণ নৌপথের সংশ্লিষ্ট এলাকায় পানির উচ্চস্তর যাহা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ণয় করা হইয়া থাকে।

(দ) এই বিধিমালায় ব্যবহৃত অন্যান্য পদ (Term) এর - ক্ষেত্রে The Inland Shipping Ordinance, ১৯৭৬; The Port Act, ১৯০৮; The Port Rules, ১৯৬৬ সহ অভ্যন্তরীণ নৌপথ ও নৌপরিবহনের ক্ষেত্রে প্রযোজ্য আইন বা বিধিমালায় প্রদত্ত সংজ্ঞা বুঝাইবে।

**৩। ছাড়পত্র (Clearance) গ্রহণ পদ্ধতি।-**

(১) সরকারি, বেসরকারি বা বিধিবদ্ধ যে কোন সংস্থা বা প্রতিষ্ঠানকে অভ্যন্তরীণ নৌপথের উপর স্থাপনা নির্মাণের ক্ষেত্রে এইরূপ ছাড়পত্র গ্রহণের জন্য তফসিলে সংযুক্ত নির্ধারিত ফরম মোতাবেক আবেদন করিতে হইবে।

(২) বিধিমালার সহিত সংযুক্ত তফসিলে উল্লেখিত নৌপথে নিরাপদ ও নির্বিঘ্নে নৌযান চলাচলের নিশ্চায়তা বিধানকল্পে সর্বনিম্ন আনুভূমিক ও উল্লম্ব ছাড়ের পরিমাপ বজায় রাখিয়া সেতু বা অন্য কোন স্থাপনা নির্মাণ করিতে হইবে। শ্রেণিভিত্তিক নৌপথের আনুভূমিক ও উল্লম্ব ছাড়ের সর্বনিম্ন পরিমাপ হইবে নিম্নরূপঃ

| শ্রেণি | সর্বনিম্ন গভীরতা (মিটার) | আনুভূমিক ছাড় (মিটার) | উল্লম্ব ছাড় (মিটার) |
|---|---|---|---|
| বিশেষ | ৪.৫ | ১০০ | ২০.০ |
| ১ম | ৪.০ | ১০০ | ১৮.৫ |
| ২য় | ২.৫ | ৭৫ | ১২.৫ |
| ৩য় | ২.০ | ৩৫ | ৮.০ |
| ৪র্থ | ১.৫ (বর্ষা মৌসুমে) | ২৫ | ৫.০ |
| ৫ম | <১.৫ (বর্ষা মৌসুমে) | ২০ | ৩.৫ |

(৩) অভ্যন্তরীণ নৌপথের উপর বৈদ্যুতিক লাইন স্থাপন বা টানিয়া নেওয়ার ক্ষেত্রে বিধি ৩ (২) এ নির্ধারিত উল্লম্ব ছাড়ের ন্যুনতম পরিমাপের সহিত অতিরিক্ত ৫.০০ মিটার যোগ করিতে হইবে।

(৪) যে সকল নৌপথে ৩ (২) বিধিতে উল্লিখিত উল্লম্ব ও আনুভূমিক ছাড়ের পরিমাপের তুলনায় নিম্ন পরিমাপের স্থাপনাদি বিদ্যমান আছে সে সকল স্থাপনাদির প্রতিস্থাপন অথবা পুনঃ নির্মানের সময় নির্দিষ্ট পরিমাপের ছাড়ের ভিত্তিতে স্থাপনাদি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করিতে হইবে। উক্ত নৌপথে নতুন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে বিদ্যমান স্থাপনার ছাড়ের পরিমাপ বিবেচনা করা হইবে না।

(৫) ছাড়পত্র প্রদান বা গ্রহণ কার্যক্রমে উদ্ভূত কোন বিতর্ক, বিরোধ বা মতদ্বৈততা নিরসনের জন্য বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের সদস্য প্রকৌশলকে আহ্বায়ক করিয়া প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা হইবে। কমিটি অন্য যে কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করিতে পারিবে। কমিটি সকল পক্ষের শুনানী গ্রহণ ও সকল বিষয় পরীক্ষা নিরীক্ষা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**৪। স্থাপনা পরিকল্পনা ও নকশা প্রণয়নের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানের দায়িত্ব।-**

(১) নকশা প্রণয়নের ক্ষেত্রে উল্লম্ব ছাড় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত SHWL কে ভিত্তি ধরিয়া উপরের দিকে পরিমাপ যোগ্য হইবে। উল্লম্ব ছাড় নদীর মাঝখানে/ মূল প্রবাহ/ মূল প্রবাহসমূহের ক্ষেত্রে SHWL হইতে গণনা করতে হবে।

(২) আবেদনকৃত সেতুর পিয়ার (Pier) এর ভৌগলিক অবস্থান (Latitude & Longitude), দুটি পাইল ক্যাপ (Pile Cap) এর আনুভূমিক দূরত্ব এবং SHWL হইতে উল্লম্ব দূরত্ব অবশ্যই নকশায় উল্লেখ করিতে হইবে।

(৩) নদীর মাঝখানে/মূল প্রবাহের মধ্যে পিয়ার (Pier) বসানো যাইবে না তবে বড় নদীতে একাধিক পিয়ার (Pier) স্থাপনের প্রয়োজনীয়তার ক্ষেত্রে প্রত্যেক পাইল ক্যাপ (Pile Cap) এর মধ্যবর্তী দূরত্বের ভিত্তিতে আনুভূমিক ছাড় অনুসরণ করিতে হইবে ।

(৪) নির্ধারিত পরিমাপের উল্লম্ব ছাড় রাখিয়া সেতু নির্মাণ করা সম্ভব না হইলে নৌযান অতিক্রমের সুবিধার জন্য সেতুর স্প্যান (Span) তুলিয়া, খুলিয়া অথবা অন্য কোনভাবে নৌপথ উন্মুক্ত করিবার ব্যবস্থা রাখিতে হইবে।

(৫) নদিতে পিয়ার (Pier) স্থাপনের কারনে চর পড়া রোধ, নদীর প্রবাহ ও নাব্যতা বজায় রাখিবার স্বার্থে আধুনিক প্রযুক্তির সেতু (যেমন Continuous Plate Girder Bridge, Box Girder Bridge, Continuous or Cantilever Truss Bridge, Cable stayed Bridge, Suspension Bridge বা Tunnel) নির্মাণের নকশা প্রণয়ন করিতে হইবে।

(৬) ১ম ও ২য় শ্রেণির নৌপথে বিদ্যমান কোন সেতুর উজানে বা ভাটিতে এক হাজার মিটারের অনধিক দূরত্বে অন্য কোন সেতু নির্মাণ করা যাইবে না। বিদ্যমান দুইট সেতুর মধ্যকার দূরত্ব এক হাজার মিটারের কম হইলে তন্মধ্যে প্রথম যে সেতুটি প্রতিস্থাপন অথবা পুন:নির্মাণ করা হইবে তখন এক হাজার মিটারের নিরাপদ দূরত্ব বজায় রাখিয়া নির্মাণ করিতে হইবে। যদি সড়কের প্রস্থ বাড়ানোর ক্ষেত্রে পাশাপাশি ১০০০ (এক হাজার) মিটার এর মধ্যে নতুন সেতু তৈরীর প্রয়োজনীয়তা দেখা দেয় তবে দ্বিতীয় সেতু তৈরির ছাড়পত্র প্রদান করা যাইতে পারে, তবে শর্ত থাকে যে উহা উক্ত নৌপথে নৌযান চলাচলে বিঘ্ন সৃষ্টি করিবে না এবং উক্ত নৌপথের আনুভূমিক ও উল্লম্ব ছাড় অনুসরণ করিবে।

(৭) দ্বিতীয় সেতু তৈরির ক্ষেত্রে নৌযান চলাচলে যাতে বাধাঁ সৃষ্টি না হয় সেটা অক্ষুন্ন রেখে/সেতুর একই অ্যালাইনমেন্টে ছাড়পত্র প্রদান করা যাইতে পারে যাহা উক্ত নৌপথের আনুভূমিক ও উল্লম্ব ছাড় অনুসরণ করিবে।

(৮) সেতুর পিয়ার (Pier) পানি প্রবাহের দিকের সাথে তীর্যকভাবে নির্মাণ করা যাইবে না। অন্যরূপ বিকল্প না থাকিলে অথবা বিশেষ পরিস্থিতিতে এইরূপ করিতে হইলে আনুভূমিক ছাড়ের পরিমাপ বজায় রাখিয়া করিতে হইবে।

(৯) সার্ভে অফ বাংলাদেশ (Survey of Bangladesh) এর বেঞ্চমার্ক (Benchmark) হইতে লেভেলিং (Levelling) এর মাধ্যমে ইতোপূর্বে স্থাপিত টেম্পোরারী বেঞ্চমার্ক (Temporary Benchmark) এর মান কমিটি কর্তৃক যাচাই করা হইবে ।

**৫। সেতুর ডিজাইন/ নকশা প্রণয়নের পরে করণীয়।-**

(১) প্রণীত নকশার সংশ্লিষ্ট অংশ কর্তৃপক্ষের নির্ধারিত দপ্তরে অনলাইনে (Online)/ অফলাইনে (Offline) দাখিল করিতে হইবে।

(২) ডিজাইন ভেটিং (Design Vetting) পরীক্ষার লক্ষ্যে কর্তৃপক্ষের গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শন করিবে।

**৬। ছাড়পত্র প্রদান।-**

বিধি ৩ (১) মোতাবেক ছাড়পত্রের আবেদনপ্রাপ্তির পর বিধি ৫ (১) মোতাবেক নকশার সংশ্লিষ্ট অংশ কর্তৃপক্ষের দপ্তরে দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত শর্তসাপেক্ষে কর্তৃপক্ষ কর্তৃক ছাড়পত্র ইস্যু করা হইবে।

**৭। সেতু নির্মাণের সময় অনুসরণীয় বিষয়সমূহ।-**

(১) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের শর্তানুযায়ী সেতু নির্মাণ করিতে হইবে।

(২) মাটি বা বালু দ্বারা ভরাট করিয়া কোনক্রমেই নদী সংকুচিত করা যাইবে না । নির্মাণের সময় যথাসম্ভব নৌ-চলাচল স্বাভাবিক রাখিতে হইবে । অত্যাবশ্যকীয়ভাবে সাময়িক বন্ধ রাখিতে হইলে কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে নির্মাণকারী সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করিবে, যাহাতে সংশ্লিষ্টদের অবহিত করার জন্য কর্তৃপক্ষ নৌ-বিজ্ঞপ্তি জারি করিতে পারে।

(৩) গুরুত্বপূর্ণ নৌপথের ক্ষেত্রে কর্তৃপক্ষের মধ্যমে বয়া বাতি স্থাপন করিতে হইবে যাহার স্থাপন ব্যয় নির্মাণকারী সংস্থা বহন করিবে ।

(৪) সেতু নির্মাণের উদ্যোগ গ্রহণ কালে নদীর মূল প্রবাহ, মৎস্য প্রজনন ক্ষেত্র, সেচ, জলজ সম্পদ ও জীব বৈচিত্র্যের যাহাতে ক্ষতির আশংকা না হয় তজ্জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

**৮। সেতু নির্মাণের ক্ষেত্রে করণীয়।-**

(১) অনুমোদিত নকশার ছাড়ের পরিমাপ যথাযথভাবে অনুসরণ করিয়া সেতুটি নির্মিত হইয়াছে কিনা তাহা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কারিগরি কমিটি পরিদর্শন করিবে এবং কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন প্রদান করিবে ।

(২) উল্লম্ব ছাড়ের পরিমাপ সেতুর মূল স্থাপনার উভয় পার্শ্বে অবস্থিত পিলার ও সেতুর গার্ডার (Girder) এর এমন স্থানে স্পষ্ট অক্ষরে লিখিত থাকিতে হইবে যা সহজেই সেতু অতিক্রমকারী নৌযান চালকদের দৃষ্টিগোচর হয়।

(৩) নির্মাণ কাজের ফলে সৃষ্ট বর্জ্য নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে নৌপথ হইতে অপসারণ করিতে হইবে।

(৪) সেতু নির্মাণের কারনে সেতুর তলদেশে নাব্যতা সংকট তৈরি হইলে সেতু নির্মাণকারী প্রতিষ্ঠানের সহিত সমন্বয় করিয়া কর্তৃপক্ষ নৌপথের তলদেশে, উজান ও ভাটিতে খননকাজ সম্পাদন করিবে এবং সেতু নির্মাণকারী প্রতিষ্ঠান তাহার ব্যয়ভার বহন করিবে ।

**৯। নৌপথের তলদেশে টানেল (Tunnel), পাইপ লাইন (Pipe Line), ক্যাবল লাইন (Cable Line) প্রভৃতি স্থাপন।-**

(১) অভ্যন্তরীণ নৌপথের তলদেশে টানেল (Tunnel), পাইপ লাইন (Pipe Line), ক্যাবল লাইন (Cable Line), প্রভৃতি স্থাপনের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাপ অনুসরণ করিতে হইবে। এক্ষেত্রে, নির্মাণকারী প্রতিষ্ঠানকে যথাযথ হাইড্রলজিক্যাল (Hydrological) ও জিও-মরফলজিক্যাল (Geo-morphological) সমীক্ষা প্রতিবেদন জমা দিতে হইবে ।

(২) অভ্যন্তরীণ নৌপথের তলদেশের মধ্য দিয়ে কোন পাইপ লাইন (Pipe Line), বা ক্যাবল লাইন (Cable Line), স্থাপনের সময় ও তৎপরবর্তী সময়ে উক্ত নৌপথের উভয় পাড় যাহার মধ্য দিয়া পাইপ (Pipe) বা ক্যাবল লাইন (Cable Line), স্থাপন করা হইয়াছে এরূপ সংশ্লিষ্ট স্থানে সাইনবোর্ড (Signboard) রাখিতে হইবে । সাইনবোর্ড (Signboard) এর নোংগর চিহ্নের উপর লাল রঙের “X” চিহ্ন থাকিবে এবং “নোংগর করা নিষেধ” শব্দ গুলো স্পষ্টাক্ষরে লিখিতে হইবে যাহাতে নৌযান চালকদের সহজেই দৃষ্টিগোচর হয় ।

(৩) অভ্যন্তরীণ নৌপথের উপর ওভারহেড লাইন (Overhead Line) নির্মাণের ক্ষেত্রে নেভিগেশন স্প্যান (Navigation Span) এর উভয় পিলার (Pillar)/খুঁটির মাঝে তারের ভিন্ন ভিন্ন স্থানে অন্ধকারে প্রজ্বলিত হয় এইরূপ লাল রঙের গোলক রাখিতে হইবে ।

(৪) নদীর তলদেশে স্থাপনাদি নির্মাণের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি নির্মাণকারী সংস্থা কর্তৃক বিধি ৯(১) অনুসারে প্রদত্ত সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, স্থানীয় বৈশিষ্ট্য বিশ্লেষণ এবং পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিরসহিত আলোচনা করিয়া ছাড়ের পরিমাপ বিবেচনা করিবে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ছাড় প্রদান করিবে।

**১০। ফি ও শুল্ক পরিশোধ।–**

(১) নির্মাণ/স্থাপনের ছাড়পত্র প্রাপ্তির ক্ষেত্রে সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হার ও শর্তে ফি পরিশোধ করিতে হইবে।

(২) সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি দ্বারা ঘোষিত অভ্যন্তরীণ নদী বন্দর সীমার অন্তর্ভুক্ত নৌপথে সেতু, টানেল, কেবল লাইন স্থাপন প্রভৃতি ক্ষেত্রে তীরভূমি ব্যবহার করা হইলে সরকার কর্তৃক নির্ধারিত হার ও শর্তে শুল্ক পরিশোধ করিতে হইবে।

(৩) সেতু অথবা অন্য কোন স্থাপনা নির্মাণের ফলে কর্তৃপক্ষের শুল্ক আদায়সহ রাজস্ব আয়ে সাময়িক বা স্থায়ী কোন ক্ষতি হইলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণ ও শর্তে বাস্তবায়নকারী সংস্থা ক্ষতিপূরণ পরিশোধে বাধ্য থাকিবে।

**১১। ছাড়পত্র ব্যতিরেকে অথবা ছাড়পত্রের ব্যত্যয় ঘটাইয়া নির্মিত স্থাপনাদির ক্ষেত্রে করণীয়।–**

(১) এই বিধিমালার ৩ ধারা মোতাবেক নৌপথের তীরভূমি, তলদেশ বা উপরিভাগে যে কোন ধরণের স্থাপনা বা অবকাঠামো যেমন সেতু, ওভারহেড লাইন (Overhead Line) বা তলদেশের টানেল (Tunnel), পাইপ লাইন (Pipe Line) / ক্যাবল লাইন (Cable Line) প্রভৃতি নির্মাণ/ স্থাপন করিবার পূর্বে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের অনুমতি বা ছাড়পত্র আবশ্যকীয়ভাবে গ্রহণ করিতে হইবে।

(২) ছাড়পত্র ব্যতিরেকে অথবা ছাড়পত্রে প্রদত্ত নকশা, ছাড়ের পরিমাপ প্রভৃতির ব্যত্যয় ঘটাইয়া যদি কোন স্থাপনা নির্মাণ করা হয় অথবা নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয় তবে উক্ত স্থাপনাকে অবৈধ স্থাপনা হিসাবে চিহ্নিত করা হইবে এবং The Government and Local Authority Lands and Buildings (Recovery of Possession) Ordinance, 1979 অনুসারে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৩) কর্তৃপক্ষ এইরূপ স্থাপনা নির্ধারিত সময়ের মধ্যে অপসারণের জন্য নির্মাণকারী প্রতিষ্ঠানকে নির্দেশনা দিতে পারিবে। অপসারণ কাজে নির্মাণকারী প্রতিষ্ঠানের ব্যর্থতায় কর্তৃপক্ষ উহা নিজেই অপসারণের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এইরূপ অপসারণের ব্যয় নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট হইতে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হইবে। এরূপ স্থাপনা অপসারণের ক্ষেত্রে নদীর তলদেশের উপরে অবস্থিত স্থাপনার সম্পূর্ণ অংশ অপসারণ করিতে হইবে।

**১২। তফসিলে অনুল্লেখ্য নৌপথ।-**

(১) তফশিলে অন্তর্ভুক্ত নহে এইরূপ নৌপথের ক্ষেত্রে সুনির্দিষ্ট শর্তাদির ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুসারে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ছাড়পত্র প্রদান করা হইবে:

(২) কমিটি সরেজমিন পরিদর্শন করিয়া এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, পানি উন্নয়ন বোর্ড, উপজেলা পরিষদের প্রতিনিধিসহ সংশ্লিষ্টজনের শুনানি গ্রহণ করিয়া সংশ্লিষ্ট নৌপথের গভীরতা, প্রস্থতা, নৌ-পরিবহন গুরুত্ব ও বৈশিষ্ট্য, আর্থ-সামাজিক বৈশিষ্ট্য প্রভৃতি বিবেচনা করিয়া ছাড়ের পরিমাপ নির্ণয় করিবে।

**১৩। রহিত ও সংরক্ষণ।—**

(১) অভ্যন্তরীণ নৌপথ ও তীরভূমিতে স্থাপনাদি নির্মাণ ও নিয়ন্ত্রণ বিধিমালা ২০১০ ও সংশোধনী ২০১৮ রহিতপূর্বক এই বিধিমালা জারী করা হইল।

(২) এই বিধিমালা বলবৎ হওয়ার অব্যবহিত পূর্বে উপরোক্ত ১৩(১) বিধি মোতাবেক প্রস্তুতকৃত, ইস্যুকৃত, স্বীকৃত বা মঞ্জুরীকৃত কোন বিধান, বিজ্ঞপ্তি, আদেশ বা অব্যাহতি এই বিধিমালার সংশ্লিষ্ট ধারা সমূহ মূলে মঞ্জুরীকৃত, তৈরি ও ইস্যুকৃত বিধি হিসেবে গণ্য করা হইবে ।

(৩) উক্ত বিধি মোতাবেক নিযুক্ত বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্তৃপক্ষ এই বিধি বলে নিযুক্ত বা ক্ষমতাপ্রাপ্ত বলিয়া বিবেচিত হইবে।

(৪) অন্য কোন আইন বা বিধিমালায় অন্যরকম উল্লেখিত থাকিলেও নৌপথের উপরে বা তলদেশে সেতু ও স্থাপনাদি নির্মাণের ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে।

## “তফসিল”

*[বিধি ২(ট) দ্রষ্টব্য]*

## ‘ক’ অংশ

### বিশেষ  শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | S | কাঁচপুর সড়ক সেতু - নারায়ণগঞ্জ - চাঁদপুর - চর গজারিয়া - শাহ আমানত সেতু | শীতলক্ষ্যা, ধলেশ্বরী, মেঘনা, উপকূলীয় নৌপথ,  কর্ণফুলী | ২৭৫ |
| ২ | S | পতেঙ্গা (কর্ণফুলীর নদীর পতিত মুখ) - মাতারবাড়ী | উপকূলীয় নৌপথ এবং কুতুবদিয়া চ্যানেল | ৯৮ |
| ৩ | S | পতেঙ্গা (কর্ণফুলী নদীর পতিতমুখ) - মীরসরাই অর্থনৈতিক অঞ্চল | উপকূলীয় নৌপথ, সন্দ্বীপ  চ্যানেল | ৭৩ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘খ’ অংশ

### ১ম (প্রথম) শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | I | দৌলতদিয়া - নগরবাড়ী - বাঘাবাড়ী | যমুনা, হুরাসাগর | ৪৭ |
| ২ | I | চাঁদপুর -মাওয়া- দৌলতদিয়া/পাটুরিয়া/আরিচা | মেঘনা (আপার), পদ্মা | ১১৮ |
| ৩ | I | শম্ভুপুরা (আল ফালাহ বয়া)- সদরঘাট - আমিনবাজার | ধলেশ্বরী, বুড়িগঙ্গা, তুরাগ | ৪৩ |
| ৪ | I | কাঁচপুর (সড়ক সেতু) – ঘোড়াশাল (রেল সেতু) | শীতলক্ষ্যা | ৩৯ |
| ৫ | I | শম্ভুপুরা (আল ফালাহ বয়া) – ভৈরব বাজার/ আশুগঞ্জ (রেল সেতু) | মেঘনা (আপার) | ১১০ |
| ৬ | I | ভৈরব বাজার/আশুগঞ্জ (রেল সেতু) - লিপসা - সুনামগঞ্জ - ছাতক | মেঘনা (আপার), ঘোড়াউতরা, ধনু, সুরমা | ২৪৮ |
| ৭ | I | ষাটনল-দাউদকান্দি (গোমতী সড়ক সেতু) | মেঘনা (শাখা), গোমতী | ১৬ |
| ৮ | I | মজু চৌধুরী হাট-মতির হাট | মেঘনা (শাখা), রহমতপুর খাল | ৯ |
| ৯ | I | মুহুরী রেগুলেটর - মীরসরাই অর্থনৈতিক অঞ্চল | ফেনী | ১৪ |
| ১০ | I | আমানত শাহ সেতু - কালুরঘাট রেল সেতু | কর্ণফুলী | ৯ |
| ১১ | I | সাঙ্গু নদীর পতিতমুখ – তৈলারদ্বীপ সেতু | সাঙ্গু | ৪৩ |
| ১২ | I | মাতারবাড়ী - কক্সবাজার (কস্তুরা ঘাট) | কুতুবদিয়া চ্যানেল, বাঁকখালি | ৩৯ |
| ১৩ | I | কক্সবাজার (কস্তুরা ঘাট) - সেন্ট মার্টিন | বাঁকখালি, উপকূলীয় নৌপথ | ১০৩ |
| ১৪ | I | কালিগঞ্জ- বরিশাল -  কাউখালী -  মোংলা - খুলনা - নোয়াপাড়া (আফরা সেতু ) | মেঘনা (শাখা), আড়িয়াল খাঁ, কীর্তনখোলা, গাবখান খাল, সন্ধ্যা, কঁচা, বলেশ্বর, ঘাসিয়াখালী,  এম-জি ক্যানেল, মোংলা নালা, পশুর, রূপসা, ভৈরব | ২৪৫ |
| ১৫ | I | চালনা - আংটিহারা - রায়মঙ্গাল | চুনকুড়ি, দাকোপ নালা, শিবসা, আড়পাঙ্গাসিয়া, মালঞ্চ, | ১২৪ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| | | | যমুনা (সুন্দরবন), রায়মঙ্গাল | |
| ১৬ | I | সন্যাসী - বগি - চাঁনপাই - মোংলা | বলেশ্বর, বগীখাল, ভোলা খাল (শরণখোলা), দুধমুখী , শেলা, পশুর | ৯৬ |
| ১৭ | I | ইলিশা -জাঙ্গালিয়া - ভেদুরিয়া ফেরিঘাট | মেঘনা (শাখা), তেতুলিয়া | ২২ |
| ১৮ | I | বরিশাল - দশমিনা - পায়রা বন্দর | কীর্তনখোলা, আড়ীয়াল খাঁ, তেতুলিয়া, আগুনমুখা , রাবনাবাদ চ্যানেল | ১১৩ |
| ১৯ | I | পায়রা বন্দর - বালিয়াতলী | আন্ধারমানিক | ৮ |
| ২০ | I | ইলিশা - দৌলতখান - মির্জাকালু - শশিগঞ্জ (তজুমদ্দিন) - মনপুরা তমরুদ্দিন (হাতিয়া) | মেঘনা (লোয়ার), শাহবাজপুর চ্যানেল | ১০১ |
| ২১ | I | বেতুয়া - চর কুকরিমুকরি – চর মনতাজ | শাহবাজপুর চ্যানেল, উপকূলীয় নৌপথ | ৬৪ |
| ২২ | I | দুর্গাপাশা – লক্ষ্মীপাশা-পায়রাকুঞ্জ - আমতলী - তালতলী - ইশানবাড়ীয়া | কারখানা, পান্ডব, বুড়িশ্বর/পায়রা | ১১২ |
| ২৩ | I | ঝালকাঠি - বরগুনা – পাথরঘাটা মোহনা | বিষখালী | ১০৩ |
| ২৪ | I | শরণখোলা - হরিণঘাটা | বলেশ্বর | ৩০ |
| ২৫ | I | মোংলা - হারবাড়িয়া- আকরাম পয়েন্ট | পশুর | ৮৫ |
| ২৬ | I | পায়রা বন্দর-চর মনতাজ | রাবনাবাদ, আগুনমুখা,তেঁতুলিয়া | ৪৪ |
| ২৭ | I | নাজিরপুর- ঘোষের হাট-বকশী বাজার-চর বাঙ্গাল | তেঁতুলিয়া | ৭৩ |
| ২৮ | I | ইব্রাহিমপুর - চর প্রকাশ - নন্দীরবাজার-শিকারপুর | নয়া ভাঙ্গানী, আড়িয়াল খাঁ, সন্ধ্যা | ৮৮ |
| ২৯ | I | শিকারপুর সেতু – জুগিরকান্দা - কাউখালী | সন্ধ্যা | ৪২ |
| ৩০ | I | মীরগঞ্জ - বাবুগঞ্জ - দোয়ারিকা সেতু - উজিরপুর | সুগন্ধা,সন্ধ্যা | ১৬ |
| ৩১ | I | চরপ্রকাশ – নন্দীরবাজার - চরমোনাই | মেঘনা (শাখা), আড়িয়াল খাঁ | ২০ |
| ৩২ | I | লক্ষ্মীপাশা - বগা - পটুয়াখালী - গলাচিপা - পায়রা বন্দর | কারখানা, লোহালিয়া, গলাচিপা, রাবনাবাদ চ্যানেল | ৯২ |
| ৩৩ | I | বালিয়াতলী - খেপুপাড়া - মহিপুর - কুয়াকাটা | আন্ধারমানিক | ৩১ |
| ৩৪ | I | মহিপুর সেতু - খেপুপাড়া | মহিপুর চ্যানেল | ১৭ |
| ৩৫ | I | পানপট্টি-পাটুয়া লঞ্চ ঘাট | আগুনমুখা, গলাচিপা | ৫ |
| ৩৬ | I | দোবেকি বন অফিস - সাগর মোহনা | আড়পাঙ্গাশিয়া | ৪০ |
| ৩৭ | I | কৈখালী বন অফিস-সাগর মোহনা | মাদার গাং | ৬৩ |
| ৩৮ | I | শিবসা বন অফিস - আকরাম পয়েন্ট | শিবসা | ৪৫ |
| ৩৯ | I | পাটুরিয়া-পাকশী সেতু - রাজশাহী-গোদাগাড়ী-সুলতানগঞ্জ সীমান্ত | পদ্মা(গঙ্গা) | ২০৮ |
| ৪০ | I | পেকুয়া (উজানটিয়া) - বদরখালী - কস্তুরা ঘাট (কক্সবাজার) | উজানটিয়া, মাতামুহুরী, মহেশখালী চ্যানেল, বাঁকখালী | ৪১ |
| ৪১ | I | নীলডুমুর - কালাগাছিয়া বন অফিস - দেবোকি বন অফিস - সাগর মোহনা | খোলপেটুয়া, আড়পাঙ্গাশিয়া, মালঞ্চ | ৬৮ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘গ’ অংশ

## ২য় (দ্বিতীয়) শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | II | আরিচা/পাটুরিয়া – সিরাজগঞ্জ - দইখাওয়া (সাহেবের আগলা) | যমুনা (ব্রহ্মপুত্র) | ২৮৯ |
| ২ | II | বিজি মাউথ - সৈয়দপুর - হযরতপুর-কালীনগর (সাভার) | ধলেশ্বরী | ৪৪ |
| ৩ | II | আমিন বাজার সেতু - ব্যাংকটাউন - কালীনগর (সাভার) | তুরাগ, কর্ণতলী খাল | ১২ |
| ৪ | II | আমিন বাজার - আশুলিয়া ল্যান্ডিং স্টেশন - টঙ্গী - ডেমরা (সুলতানা কামাল সেতু) | তুরাগ, টঙ্গী খাল, বালু, শীতলক্ষ্যা | ৫০ |
| ৫ | II | ঘোড়াশাল - টোক - ময়মনসিংহ - সন্যাসীর চর | শীতলক্ষ্যা, পুরাতন ব্রহ্মপুত্র | ২৮৭ |
| ৬ | II | মেঘনা বাজার - নরসিংদী - মরিচাকান্দি | মেঘনা (শাখা) / হাড়িধোয়া খাল | ২২ |
| ৭ | II | টোক - কটিয়াদি - ভৈরব বাজার | পুরাতন ব্রহ্মপুত্র | ৬৩ |
| ৮ | II | রাজাপুর - আজমিরীগঞ্জ - শেরপুর - জকিগঞ্জ | কালনী, কুশিয়ারা | ২৭৪ |
| ৯ | II | টেকের ঘাট - লালপুর | বাউলাই, পাটলাই পাইকারতলা | ৬১ |
| ১০ | II | গজারিয়া - রসুলপুর ফেরি ঘাট | ফুলদী | ১১ |
| ১১ | II | মহিষের চর - রামচন্দ্রপুর | তিতাস | ৩৫ |
| ১২ | II | এখলাসপুর-আমিরাবাদ | ধনাগোদা | ৭ |
| ১৩ | II | নবীপুর - মাছুয়াখালী - মতলব - আমিরাবাদ - সফরমালি - চাঁদপুর | ধনাগোদা, মেঘনা | ৫৪ |
| ১৪ | II | চাঁদপুর - ইচুলি - হাজীগঞ্জ - শাহরাস্তি (সুচিপাড়া সেতু) | ডাকাতিয়া | ৬৪ |
| ১৫ | II | রামগতি ঘাট - রামগতি বেইলি ব্রিজ | বাগরদনা | ১৫ |
| ১৬ | II | উড়ির চর - নলের চর/বয়ারচর | মেঘনা (লোয়ার) শাখা | ৪২ |
| ১৭ | II | কালুরঘাট- কাপ্তাই বাঁধ | কর্ণফুলী | ৫২ |
| ১৮ | II | তৈলারদ্বীপ সেতু - দোহাজারী সেতু | সাঙ্গু | ৮ |
| ১৯ | II | উজানটিয়া (খাঁন বাহাদুর খামার বাড়ী) - মাতারবাড়ী - ধলঘাট (কোহেলিয়া নদীর পতিতমুখ) | কোহেলিয়া | ২১ |
| ২০ | II | বদরখালী (মাতামুহুরী নদীর পতিতমুখ) - বেতুয়া বাজার | মাতামুহুরী | ২০ |
| ২১ | II | মিঠাকাটা - সাহাপুরা রেলব্রিজ | মাতামুহুরী | ১৮ |
| ২২ | II | কক্সবাজার (কস্তুরী ঘাট) - বাঁকখালী রাবার ড্যাম | বাঁকখালী | ৭ |
| ২৩ | II | দমদমিয়া ঘাট (টেকনাফ) - শাহ পরীর দ্বীপ - সেন্টমার্টিন | নাফ, উপকূলীয় নৌপথ | ৩৯ |
| ২৪ | II | পায়রাকুঞ্জ - পটুয়াখালী লঞ্চঘাট | পটুয়াখালী | ১২ |
| ২৫ | II | লেবুখালী ক্যান্টনমেন্ট ফায়ারিং রেঞ্জ - মির্জাগঞ্জ | শ্রীমন্ত | ২৬ |
| ২৬ | II | তুলাতলী এ্যাপ্রোচ চ্যানেল | ধুলিয়া খাল | ৩ |
| ২৭ | II | পিয়াজখালী (সদরপুর) - কালিকাপুর - মাদারীপুর - আলিমাবাদ | আড়িয়াল খাঁ | ১১১ |
| ২৮ | II | হুলারহাট - শ্রীরামকাঠি - মানিকদহ | কালীগঙ্গা (পিরোজপুর), মধুমতি | ৬৯ |
| ২৯ | II | লেবুখালী - পুকুরজান বাজার (পটুয়াখালী) | পাঙ্গাশিয়া | ১২ |
| ৩০ | II | ঝিলনা - পাতাবুনিয়া | পান্ডব | ৯ |
| ৩১ | II | ভেদুরিয়া ফেরিঘাট - ভোলা লঞ্চ টার্মিনাল | ভোলা খাল | ১৫ |
| ৩২ | II | ঘসিয়াখালী - বাগেরহাট | দড়াটানা, পয়লাহারা | ১৮ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ৩৩ | II | হরিনাথপুর - ভাষাণচর (বরিশাল) | নয়া ভাঙ্গানী | ৩৫ |
| ৩৪ | II | আমুয়া নালা | আমুয়া নালা | ৮ |
| ৩৫ | II | বরগুনা নালা | খাগদন | ৬ |
| ৩৬ | II | পশ্চিম সেংগুরিয়া -ভান্ডারিয়া লঞ্চঘাট - চরাখালী | শিয়ালকাঠি | ১২ |
| ৩৭ | II | কোদালপুর - হাটুরিয়া - আবুপুর | মেঘনা (শাখা) | ১৪ |
| ৩৮ | II | ডামুড্যা লঞ্চ টার্মিনাল - পট্টি নদী বন্দর | জয়ন্তী | ৮ |
| ৩৯ | II | নমোরহাট - একতা বাজার - শৌল্যা লঞ্চ টার্মিনাল | নয়া ভাঙ্গানী | ৭ |
| ৪০ | II | চরবাগরজা - ভাষাণচর লঞ্চঘাট (মেহেন্দীগঞ্জ) | আড়িয়াল খাঁ (শাখা) | ৩ |
| ৪১ | II | বৈঠাকাটা লঞ্চ টার্মিনাল - শ্রীরামকাঠি বোট টার্মিনাল | বেলুয়া | ১৫ |
| ৪২ | II | ভেদুরিয়া লঞ্চঘাট - ভেলুমিয়া - বোরহানউদ্দিন লঞ্চ টার্মিনাল | তেঁতুলিয়া (শাখা) | ৪৪ |
| ৪৩ | II | আবুপুর - চৌমোহনী | মেঘনা (শাখা) | ১৬ |
| ৪৪ | II | কনকদিয়া - পশ্চিম ঝিলনা | লোহালিয়া | ৩ |
| ৪৫ | II | লাহারহাট - বাকেরগঞ্জ - দাদুর হাট বাজার | রাঙ্গামাঠিয়া | ৫২ |
| ৪৬ | II | বাবলাতলা বাজার - গঙ্গামতি (সমুদ্র সৈকত) | রাবনাবাদ (শাখা) | ৪ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘ঘ’ অংশ

## ৩য় (তৃতীয়) শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | III | বাঘাবাড়ী (সড়ক সেতু) - বদলগাছী | গোমানি, আত্রাই, ছোট যমুনা | ১৭৫ |
| ২ | III | বাঘাবাড়ী - এনায়েতপুর (উল্লাপাড়া) - মেলান্দাহ সেতু | বাঙ্গালী | ১৮৬ |
| ৩ | III | ধামরাই - কালিয়াকৈর - খাসকাইর বিল | বংশী | ২২৮ |
| ৪ | III | পাকুল্লা - বলিয়াদী বাজার - হিজলতলী সেতু | বংশী | ১১ |
| ৫ | III | রহিমপুর - পাঁচপাড়া - গড়াইল | বংশী | ৮ |
| ৬ | III | আটপাড়া - নয়ারহাট  - কালীনগর(সাভার) | ধলেশ্বরী, বংশী | ১১৫ |
| ৭ | III | কালিয়াকৈর - কড্ডা - রুস্তমপুর | বংশী | ৫৩ |
| ৮ | III | হযরতপুর - পারাগাও - ত্বরা | কালিগঙ্গা (মানিকগঞ্জ) | ৫৬ |
| ৯ | III | সৈয়দপুর বাজার - বান্দুরা বাজার - কার্তিকপুর | ইছামতি, জয়পাড়া খাল | ৩১ |
| ১০ | III | কাঠপট্টি - তালতলা | ইছামতি | ১৫ |
| ১১ | III | তালতলা - ডহুরী | তালতলা খাল | ১৩ |
| ১২ | III | নাওপাড়া - দিঘিরপাড় - হারিদিয়া | পদ্মা (শাখা) খাল | ৩১ |
| ১৩ | III | মহেশপুর - দিঘিরপার | পদ্মা (শাখা) খাল | ১১ |
| ১৪ | III | শম্ভুপুরা (আল-ফালাহ বয়া) - কাইকারটেক  - পূর্বাচল আমেরিকান সিটি গার্ডেন | ব্রহ্মপুত্র / লাঙ্গালবন্দ | ৫১ |
| ১৫ | III | কাইকারটেক - বৈদ্যের বাজার | মেনিখালী | ৭ |
| ১৬ | III | তেরমুখ সেতু - সাতকাপাড়া | নাগদা খাল, বালু | ১৮ |
| ১৭ | III | নরসিংদী - কটিয়াদী | আড়িয়াল খাঁ (নরসিংদী) | ৫২ |
| ১৮ | III | আজবপুর - শাহজাদপুর - কৃষ্ণনগর - চিত্রী | তিতাস | ৯১ |
| ১৯ | III | কুলিয়ারচর - মেন্দিপুর | কুলিয়ারচর নালা | ৬ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ২০ | III | কচুয়া ফেরি ঘাট - অষ্টগ্রাম - বাঙ্গালপাড়া লঞ্চঘাট | কুশিয়ারা (শাখা) | ২০ |
| ২১ | III | গোয়ালনগর বাজার (নাসিরনগর)- লাখাই | কুশিয়ারা (শাখা) | ৭ |
| ২২ | III | মারকুলি - দীরাই | কামারখালী | ১৭ |
| ২৩ | III | নতুন বাজার - নিকলী | সোয়াইজনি খাল | ৫ |
| ২৪ | III | মিঠামইন - মহিষের কান্দি | ধনু (শাখা) | ৩ |
| ২৫ | III | বড়হাট কাবিলা - এলেঞ্জুরি বাজার | ধনু (শাখা) | ৩ |
| ২৬ | III | বলী খোলা ফেরীঘাট - চামড়া বন্দর | নরসুন্দর | ৩ |
| ২৭ | III | বড়িবাড়ি ফেরীঘাট - তাঁতির পাড়া | মগরা | ৯৮ |
| ২৮ | III | গাগলাজুর - মোহনগঞ্জ | কংস | ৩৬ |
| ২৯ | III | সাচনা বাজার - ফাজিলপুর | জাদুকাটা, রক্তি | ২৪ |
| ৩০ | III | সোলেমানপুর ফেরিঘাট - বারেকটিলা খেয়াঘাট (লাউয়েরগড়) | পাটলাই, জাদুকাটা, রক্তি, বাউলাই | ২৭ |
| ৩১ | III | ছাতক - টুকের বাজার - কুশী ঘাট | সুরমা | ৫৩ |
| ৩২ | III | জয়কালীপুর - সলিমগঞ্জ | মেঘনা (শাখা) / সলিমপুর খাল | ৩ |
| ৩৩ | III | সাতঘরিয়াকান্দি - হোমনা - তালতলী বাজার | তিতাস | ২০ |
| ৩৪ | III | দাউদকান্দি - রামপুর | মেঘনা (শাখা) | ১৬ |
| ৩৫ | III | বসুরচর পাঁচগাঁও - মায়া ফেরি ঘাট | মেঘনা (শাখা) | ৭ |
| ৩৬ | III | দাউদকান্দি - সোনামুড়া বিবির বাজার সীমান্ত | গোমতী | ৯২ |
| ৩৭ | III | শাহরাস্তি (সুচিপাড়া সেতু) - মনোহরগঞ্জ | ডাকাতিয়া | ২০ |
| ৩৮ | III | রামগতি বেইলি ব্রিজ - তাওয়ারীগঞ্জ | বাগোড়দোনা | ৩৬ |
| ৩৯ | III | রাঙ্গামাটি - মাইজছড়ি - খাগড়াছড়ি | কাপ্তাইলেক | ৮৪ |
| ৪০ | III | রাঙ্গামাটি - মারিশ্যা | কাসালং | ৬৮ |
| ৪১ | III | রাঙ্গামাটি - বরকল - ছোটহরিণা - থেগামুখ (নৌকাঘাট) | কর্ণফুলী, কাপ্তাইলেক | ৮৮ |
| ৪২ | III | রাঙ্গামাটি - জুড়াইছড়ি | রাইনখাইন | ১৪ |
| ৪৩ | III | বনরূপা বাজার - রাঙ্গামাটি | কাপ্তাই লেক | ৩ |
| ৪৪ | III | রাঙ্গামাটি - কাপ্তাই | কাপ্তাই লেক, চেঙ্গী | ২৮ |
| ৪৫ | III | কাপ্তাই - বিলাইছড়ি - ফারুয়া | কাপ্তাই লেক/ রাইনখাইন খাল | ৭৩ |
| ৪৬ | III | কালুরঘাট - হাজিরহাট | বোয়ালখালি খাল | ৭ |
| ৪৭ | III | শিকলবাহা বিদ্যুৎ কেন্দ্র - দক্ষিণ ইছাখালী | মুরারি | ৩০ |
| ৪৮ | III | দোহাজারি সেতু - কালাঘাট সড়ক সেতু (বান্দরবন) | সাঙ্গু | ৪৩ |
| ৪৯ | III | বাঁকখালি রাবার ড্যাম - লোমবরীপাড়া রেল সেতু | বাঁকখালি | ১৪ |
| ৫০ | III | থাইগন ছড়া - রেজু খালের পতিতমুখ | রেজু খাল | ৫ |
| ৫১ | III | সুরেশ্বর - কার্তিকপুর - ভেদরগঞ্জ - ড্যামুডা | জয়ন্তিকা | ৪২ |
| ৫২ | III | নাজিরপুর - বালাকোট বাজার | তেতুঁলিয়া (শাখা) | ৭ |
| ৫৩ | III | নাজিরপুর - লালমোহন লঞ্চঘাট | তেঁতুলিয়া (শাখা) | ৭ |
| ৫৪ | III | গারুখালী (চালনা) - পাইকগাছা - আশাশুনি - প্রতাপনগর | সইলমারি, শিবসা,কপোতাক্ষ, খোলপেটুয়া, মরিরচাপ | ৭৯ |
| ৫৫ | III<br>III | খালিশপুর (বাদামতলি) - বড়দিয়া - মানিকদা - টেকেরহাট - গুনশি | আতাই ,মধুমতি, মাদারীপুর বিল রুট, কুমার | ১২৫ |
| ৫৬ | III | হড্ডা - বানিয়া খালি - মদিনাবাদ - নীলডুমুর | কপোতাক্ষ, খোলপেটুয়া | ৫৬ |
| ৫৭ | III | দপদপিয়া - কবাই | খিরাবাদ, পান্ডব | ৩০ |
| ৫৮ | III | জুগিরকান্দা - হারতা - রাজাপুর - চৌমোহনী - পয়সারহাট | সাতলা, হরতা, বিশারকান্দি, বাগদা খাল | ২৬ |
| ৫৯ | III | খোলপটুয়া - মাছুয়া খেয়া ঘাট | বড়মাছুয়া খাল | ২২ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ৬০ | III | রায়েন্দা বাজার - গোবুনিয়া | রায়েন্দা নালা | ২ |
| ৬১ | III | মিয়ারহাট - কাটাখালী | ইন্দেরহাট নালা | ৮ |
| ৬২ | III | শান্তিহার - তরুর বাজার | ইন্দুরকানি নালা | ৩২ |
| ৬৩ | III | দাকোপ ফেরি টার্মিনাল - কালাবগী | সুতারখালী | ২৮ |
| ৬৪ | III | মেঘনা ঘাট - রামপুর | মেঘনা (শাখা) | ৩ |
| ৬৫ | III | আড়ুয়া ফেরিঘাট - বারাকপুর সিদ্ধিপাশা ফেরিঘাট | মাউদখালী | ৬ |
| ৬৬ | III | হরিণপালা-তুষখালী | পোনাডন | ৮ |
| ৬৭ | III | পারেরহাট - ঝাউতলা বাজার | সন্ধ্যা, কচাঁ | ৫ |
| ৬৮ | III | ১২ নং ডিগ্রি ঘাট- তুলাতলী | তেঁতুলিয়া (শাখা) | ১৭ |
| ৬৯ | III | কোড়ালিয়া - রাঙ্গাবালী | দানার ছিড়া খাল | ১৩ |
| ৭০ | IIII | বাহের চর-কাজীরহাওলা খেয়া ঘাট | গনিখালি খাল | ৩ |
| ৭১ | III | নরিকেল বাগান (রাঙ্গাবালী) - চর কাজল | বুড়া গৌরাঙ্গ | ১৬ |
| ৭২ | III | চর মনতাজ লঞ্চঘাট - কাচারি খাল | কাচারি খাল | ১৯ |
| ৭৩ | III | চর কুকরিমুকরি - চর আইচা | শাহবাজপুর চ্যানেল (শাখা) | ১১ |
| ৭৪ | III | বকশী বাজার - লেতরা বাজার | তেঁতুলিয়া (শাখা) | ১১ |
| ৭৫ | III | কেশবপুর অ্যাপ্রোচ চ্যানেল | তেঁতুলিয়া (শাখা) | ৫ |
| ৭৬ | III | গোবিন্দপুর বাজার - কালাইয়া ধানহাট | আলগি | ২৮ |
| ৭৭ | III | কালাইয়া লঞ্চঘাট এ্যাপ্রোচ চ্যানেল | কালাটয়া খাল | ৬ |
| ৭৮ | III | উলানিয়া বাজার - সুকানকাঠি নতুন বাজার | উলানিয়া | ৫ |
| ৭৯ | III | ছোটুয়া/ জাঙ্গালিয়া - পাতারহাট | মাছকাটা নালা | ১০ |
| ৮০ | III | পাতারচর - মুলাদি ট্রলার ঘাট | আড়িয়াল খাঁ | ৬ |
| ৮১ | III | নাজিরপুর - টর্কি - কালকিনি - ফাসিয়াতলা | টর্কি নালা | ৩২ |
| ৮২ | III | কয়ারিয়া-মোল্লারহাট বাজার - পূর্ব  রামারপোল | আড়িয়াল খাঁ (শাখা) | ৫ |
| ৮৩ | III | স্বরূপকাঠি - মধুখালী বাজার - আটঘর | বিষারকান্দি খাল - সোহাগদল খাল - ঝালকাঠি | ৭ |
| ৮৪ | III | টুঙ্গিপাড়া - লেবুতলা সেতু | শৈলদাহ | ৮ |
| ৮৫ | III | ঘাগর সেতু - ডুমুরিয়া | শিয়ালদহ | ১৯ |
| ৮৬ | III | সেনেরবাজার ফেরি ঘাট - আলীপুর সেতু - মাথাভাঙা - স্লুইছ গেট | আঠারোবেকি | ১৪ |
| ৮৭ | III | আট হাজার - তালতলী সেতু | আড়িয়াল খাঁ (শাখা) | ৫ |
| ৮৮ | II | জনতার হাট - সাহেবেরহাট - লাহারহাট | বুখাইনগর নালা | ১৩ |
| ৮৯ | III | দাচূনা হেতালবুনিয়া  - দোবেকি বন অফিস | চুনার, মালঞ্চ, কদমতলী খাল, দামকলি খাল, বাগিদনিয়া খাল, ইছামতি খাল, কলাগাছি খাল | ৩৮ |
| ৯০ | III | ভেদুরিয়া রাস্তার মাথা - কাজিরহাট | কালাবদর | ৬ |
| ৯১ | III | পায়েরপুর - বাবলাতলা বাজার | বালিয়াতলী | ১৭ |
| ৯২ | III | খালগড়া সুটকি পল্লী - কাউয়ার চর | চাদু খাল | ২১ |
| ৯৩ | III | টেপুরা (টিয়াখালী নদীর উৎস মুখ)- লন্ডা (টিয়াখালী নদীর পতিত মুখ) | টিয়াখালী | ১৩ |
| ৯৪ | III | বড়দিয়া - তালবাড়িয়া | মধুমতি, গড়াই | ১৯৭ |
| ৯৫ | III | নড়িয়া - আঙ্গারিয়া - পাখিরা | পালং, আড়িয়াল খাঁ | ৩৩ |
| ৯৬ | III | মাদারীপুর লঞ্চঘাট - পয়সারহাট | বিশারকান্দী, বাগদা খাল | ৩৫ |
| ৯৭ | III | চৌমোহনা - বৈঠাকাটা লঞ্চ ঘাট | বিশারকান্দী খাল | ৭ |
| ৯৮ | III | সোলাদানা বাজার - টেকের ঘাট (খুলনা) | ঘেংরাইল | ৫৬ |
| ৯৯ | III | কৈখালী বন অফিস - ভেটখালী বাজার | মাদার গাং | ৭ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১০০ | III | সলাদানা বাজার - বাটিঘাতা সেতু | হাবারখালি | ৩৪ |
| ১০১ | III | সলাদানা বাজার - পানখালী ফেরীঘাট | বাদুরগাছা | ১৮ |
| ১০২ | III | চালনা বাজার - বান্দেরকথা | পশুর শাখা | ১৭ |
| ১০৩ | III | পেরিখালি - বারুয়াপাড়া | দাউদখালী খাল | ১৭ |
| ১০৪ | III | বাগেরহাট রিভার পুলিশ ট্রেনিং সেন্টার - বদরখালী | দাউদখালী খাল | ২৩ |
| ১০৫ | III | কাউখালি বাজার - জাগাইরহাট বাজার | কাউখালী খাল | ১৩ |
| ১০৬ | III | আওরা খেয়া ঘাট - বাগরি হাট - গাবখান ঘাট | জাঙ্গালিয়া | ২৬ |
| ১০৭ | III | রাগুরদরি চর - দগনা বাজার | বিষখালী (শাখা) | ৭ |
| ১০৮ | III | আমুয়া বাজার (কাঠালিয়া) - বাদুরা বাজার | বিষখালী (শাখা) | ১০ |
| ১০৯ | III | বসুরচর পাঁচগাঁও - মায়া ফেরিঘাট | গোমতী | ৭ |
| ১১০ | III | আরবুনিয়া বাজার - মালিয়ারহাট বাজার | বিষখালি (শাখা) | ৮ |
| ১১১ | III | বোয়ালিয়া স্লুইছ গেট এ্যাপ্রোচ চ্যানেল | আগুনমুখা | ১ |
| ১১২ | III | ছাগলাদাহ বাজার - মাথাভাঙা স্লুইছ গেট | আঠারবেকী | ২৮ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘ঙ’ অংশ

## ৪র্থ (চতুর্থ) শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | IV | চারঘাট - চাঁচকৈড় নতুন বাজার | নন্দকুঞ্জ (বড়াল আপার) | ৮৮ |
| ২ | IV | কানুপুর (শিবগঞ্জ) - শিংড়া | নাগর | ১১৫ |
| ৩ | IV | শিমুলতলি (ধামৈরহাট) সেতু - শুটকিগাছা সেতু | আত্রাই | ৮৭ |
| ৪ | IV | বাহরামপুর (তিলকপুর) - বটতলি - চক নদীকূল (কালান্দারপুর) | তুলসিগঙ্গা | ৬৮ |
| ৫ | IV | আলসিপাড়া - বালাশী | ঘাগট | ১৯১ |
| ৬ | IV | হরিপুর (তিস্তার পতিতমুখ) - তিস্তা ব্যারেজ | তিস্তা | ১২৪ |
| ৭ | IV | মোগলহাট বন্দর - দিলদারগঞ্জ বাজার (সীমান্ত) | ধরলা | ৬৩ |
| ৮ | IV | পাগলারহাট - কালীগঞ্জ বাজার (সীমান্ত) | ফুলকুমার | ৪৮ |
| ৯ | IV | কুমেদপুর (দুধকুমার নদীর পতিতমুখ) - সীমান্ত পর্যন্ত | দুধকুমার | ৩১ |
| ১০ | IV | জিগাবাড়ী (জিঞ্জিরাম নদীর উৎসমুখ) - ৬ নং চর (জিঞ্জিরাম নদীর পতিতমুখ) | জিঞ্জিরাম | ৭৯ |
| ১১ | IV | গেরামারা- নারায়নখোলা | খন্টিপাড়া খাল, তেনাছড়া খাল, মৃগী | ৬৩ |
| ১২ | IV | মাতারপাড়া - জামতলী | বংশী | ১০ |
| ১৩ | IV | শেখপাড়া - গোদাসিমলা বাজার - নান্দিয়া সাঙ্গু বাজার (ত্রিমোহনী সেতু) | বংশী, বানার (আপার) | ১৫৯ |
| ১৪ | IV | গাংতারা উত্তরপাড়া - গাজীবাড়ী | বংশী | ১৭ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১৫ | IV | উজামপুর ঘাট - চিকোলিয়া সেতু | বালু | ৬ |
| ১৬ | IV | বারিয়াখালি - রাথুরা | নাগদা খাল | ২০ |
| ১৭ | V | নরসিংদী থানা ঘাট - তারাগঞ্জ বাজার | হাড়িধোয়া খাল | ৪২ |
| ১৮ | IV | সৈয়দপুর - শ্রীনগর | ইছামতি (মুন্সিগঞ্জ) | ১৯ |
| ১৯ | IV | মধ্য ফোর্ড নগর বাজার - তিল্লি | ধলেশ্বরী | ৬৩ |
| ২০ | IV | ত্বরা সেতু - চরকাটারি | ধলেশ্বরী | ৪২ |
| ২১ | IV | জাফরগঞ্জ - গোপীনাথপুর | ইছামতি | ৩৫ |
| ২২ | IV | মোহরকনা (নিকলী) - তারাইল - আলমদি | সিঙ্গুয়া | ৪৯ |
| ২৩ | IV | চর বৈরাটি - কাজলা চকপাড়া সেতু | সাতা, ভাতাইল, নরসুন্দা | ৫০ |
| ২৪ | IV | বরশিকুড়া বাজার - পাঁচহাট | ধনুর (শাখা) | ২৪ |
| ২৫ | IV | চারিগ্রাম (মিঠামইন) - আটপাশা - জয়সিদ্ধী | নরসুন্দা-সুরমা | ১৩ |
| ২৬ | IV | ঢাকি বাজার - চারিগ্রাম (মিঠামইন) | ঢাকি নালা | ৭ |
| ২৭ | IV | ধনপুর বাজার - শামারচর বাজার | ধনুর (শাখা) | ৪২ |
| ২৮ | IV | খালিয়াজুরী - রসুলপুর | ধনুর (শাখা) | ২ |
| ২৯ | IV | লেপশিয়া বাজার কাঠ মহল - গজারিয়া বাজার | সুরমা (শাখা) | ২৩ |
| ৩০ | IV | গজারিয়া বাজার - উজান লালপুর | বাউলাই | ১৬ |
| ৩১ | IV | পাঁচনা হাওর - মধ্যনগর - কলমাকান্দা | সুমেশ্বরী | ৩৪ |
| ৩২ | IV | দুদকরা - রানিগাও - করুয়াজান | গুমাই | ৪২ |
| ৩৩ | IV | রানিগাও - দশধার বাজার - জারিয়া সেতু - বিজয়পুর সীমান্ত | কংস | ৭১ |
| ৩৪ | IV | জানজাইল - ঘাগরা - নাকুগাও | কংস | ১১৮ |
| ৩৫ | IV | মোহনগঞ্জ - বারহাট্টা - দশদার | কংস | ২৯ |
| ৩৬ | IV | ফতেপুর বাজার - পাইনডুব বাজার | আবুইয়া | ২২ |
| ৩৭ | IV | স্বপ্নচূড়া সীমান্ত - সরদারপুর | ওহা উমাংগি | ১২ |
| ৩৮ | IV | বাচ্চুনগর - বিরামপুর | সুরমা (শাখা) | ১৫ |
| ৩৯ | IV | মাঠগাঁও সীমান্ত - আলাইপুর বাজার | সুরমা (শাখা) | ১৩ |
| ৪০ | IV | দোয়ারা বাজার সেতু - মাওলা সেতু | সুরমা (শাখা) | ১৭ |
| ৪১ | IV | সোনাপুর বাজার - পিয়াইন পতিতমুখ | চেলা (শাখা) | ১০ |
| ৪২ | IV | সোনাপুর বাজার - পিয়াইন সেতু | চেলা | ১৪ |
| ৪৩ | IV | ছাতক - জাফলং - বাংলাবাজার | পিয়াইন , গোয়াইন | ৬৪ |
| ৪৪ | IV | কোম্পানীগঞ্জ - কাটা গ্যাং | কাটা গাং | ৫ |
| ৪৫ | IV | কুশী ঘাট বাজার - বাংলা বাজার - হাওয়াই সুতাং (জৈন্তাপুর) | সারি গোয়াইন , সুরমা | ১০৪ |
| ৪৬ | IV | কুশী ঘাট - গোলাপগঞ্জ - লুবাছড়া (কানাইঘাট) | সুরমা | ৭৪ |
| ৪৭ | IV | নাথানপুর - লুভাপুর বাজার | সুরমা (শাখা) | ১৬ |
| ৪৮ | IV | ফেঞ্চুগঞ্জ - হাকালুকি হাওর | জুরি | ৮ |
| ৪৯ | IV | সানবাড়ি - দৌলতপুর | বড়াল | ১৫ |
| ৫০ | IV | বিথাঙ্গাল - সরকার বাজার | নরসুন্দর-সুরমা | ২ |
| ৫১ | IV | মনুমুখ বাজার (মনু নদীর পতিত মুখ) - মনু ব্যারেজ (মৌলভীবাজার) | মনু | ২২ |
| ৫২ | IV | সদরঘাট বিজনা বাজার - কুঞ্জবন | লংলা, বিলাস | ৫২ |
| ৫৩ | IV | সদরঘাট বিজনা বাজার - কালাগাও | বিজনি | ৯৮ |
| ৫৪ | IV | চারিগ্রাম (মিঠামইন) - ঘাগড়া | সুরমা (শাখা) | ৪ |
| ৫৫ | IV | খোয়াই - সাতাই নদীর মিলনস্থল - রাজার বাজার - গোবরখোলা | খোয়াই | ৮৮ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ৫৬ | IV | কাটখাল - দুর্গাপাশা - কদমচল - সবমেহের | কুশিয়ারা (শাখা) | ৮ |
| ৫৭ | IV | বল্লা বাজার - মাদনা | বাউলাই | ১০ |
| ৫৮ | IV | শিবপুর - লাখাই - ফান্দাউক | বলভদ্র | ২৭ |
| ৫৯ | IV | বালাকোট বাজার - নাসিরনগর | মেঘনা (আপার) (শাখা) | ৭ |
| ৬০ | IV | নবিনগর - দলপা | বুড়ি | ২৮ |
| ৬১ | IV | মরিচাকান্দি - চর আনি | ঢোলভাঙ্গা | ২৭ |
| ৬২ | IV | জামালপুর - রামচন্দ্রপুর বাজার | আরশিনালা | ৪৬ |
| ৬৩ | IV | মাচুয়া খাল - হাজীগঞ্জ | মাচুয়া খাল | ২৪ |
| ৬৪ | IV | সাহেব বাজার - রায়পুর | ডাকাতিয়া | ৫৮ |
| ৬৫ | IV | মজু চৌধুরী হাট - কালিরচর বাজার | লক্ষিপুর খাল | ৯ |
| ৬৬ | IV | মুসাপুর রেগুলেটর - পরীকোট - মহেশপুর সীমান্ত | ছোট ফেনী | ১২৪ |
| ৬৭ | IV | পেচিবাড়ীয়া সীমান্ত - চর কালিদাশ | সেলুনিয়া | ২৭ |
| ৬৮ | IV | মেরুকুম (সীমান্ত) - মুহুরী রেগুলেটর | ফেনী | ৩২ |
| ৬৯ | IV | বিলোনিয়া বিজিবি ক্যাম্প - চর কালিদাশ | মুহুরী | ৫৯ |
| ৭০ | IV | কাউখালী বাজার - ইছামতি সেতু (রাঙ্গুনিয়া) | ইছামতি | ২৭ |
| ৭১ | IV | কোলারগাও - মুরালি সেতু | কর্নফুলি (শাখা) খাল | ২১ |
| ৭২ | IV | কালাঘাট সড়ক সেতু (বান্দরবন সদর) - থানচি | সাংগু | ৯১ |
| ৭৩ | IV | মুরং - বিলছুরি | রামু খাল | ৫৯ |
| ৭৪ | IV | নাক্ষ্যংঝিড়ি - লামা বাজার (বিলছড়ি) | মাতামুহুরী | ৪৫ |
| ৭৫ | IV | লোম্বারিপাড়া রেল সেতু - নাইক্ষ্যংছড়ি পাহাড়ি এলাকা | বাঁকখালী | ৫৪ |
| ৭৬ | IV | আলাইপুর (খুলনা) - বাগেরহাট | যাত্রাপুর নালা | ২৮ |
| ৭৭ | IV | ভোলানাথপুর - হাসিমপুর | আড়পাঙ্গাসিয়া | ১৬ |
| ৭৮ | IV | শান্তিহার - রাজাপুর স্লুইচ গেট | স্বরূপকাঠি | ১১ |
| ৭৯ | IV | সুতিয়াকাঠি - চামি একতা বাজার | সন্ধ্যা (শাখা) খাল | ৬ |
| ৮০ | IV | ইলুহার - পশ্চিম মলুহর | সন্ধ্যা (শাখা) খাল | ৭ |
| ৮১ | IV | উদয়কাঠি - বিশারকান্দি | সন্ধ্যা (শাখা) খাল | ৪ |
| ৮২ | IV | মুরারবাড়ী বাজার - বৈঠাকাটা | বৈঠাকাটা খাল | ৬ |
| ৮৩ | IV | মুগরজোড়া - জামভিদা বাজার | কুমারখালী | ১২ |
| ৮৪ | IV | বৈঠাকটা লঞ্চ টার্মিনাল - দেউয়ালবাড়ী | বেলুয়া | ৬ |
| ৮৫ | IV | মেদা বাজার - গাওখালী বাজার - চাঁদকাঠি বাজার | ডোবরা , সোহাগডাল খাল, বেলুয়া খাল, কুমারখালী খাল | ৯ |
| ৮৬ | IV | গাওখালী বাজার - দেউলবাড়ি - পশ্চিম সোনাপুর - চৌমোহনী | কুমারখালী, বেলুয়া, সোহাগডাল খাল, ঝনঝনিয়া খাল | ১৬ |
| ৮৭ | IV | তুলখাড়া খেয়াঘাট (বড়দিয়া) - কালাচাঁদপুর-মাগুরা (রেগুলেটরের ভাটি পর্যন্ত) | নবগঙ্গা | ৮১ |
| ৮৮ | IV | চর দোয়ানী - পাথরঘাটা | পাথরঘাটা/ চরদোয়ানী খাল | ১৩ |
| ৮৯ | IV | মিধীরপুর চর কান্দি - ফরিদপুর সিএন্ডবি ঘাট - গোপালপুর ঘাট | কুমার (ফরিদপুর-গোপালগঞ্জ), পদ্মা (শাখা) | ৩৬ |
| ৯০ | IV | পাইকগাছা - তালা | কপোতাক্ষ নদ | ৪২ |
| ৯১ | IV | ধলার মোড় - পূর্ব খাবাসপুর সেতু - বাখুন্দা সেতু - ভাঙ্গা সেতু - সিন্দিয়াঘাট | কুমার (ফারিদপুর) | ৭৭ |
| ৯২ | IV | শোভারামপুর - বাহিরদিয়া সেতু - চাঁদপুর বাজার সেতু - চিত্রা বাজার - চান্দহাট বাজার - ভাঙ্গা | কুমার (ফারিদপুর) | ১২৩ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ৯৩ | IV | চিত্রা বাজার - ভাওয়াল খাল সেতু | কুমার (ফারিদপুর) | ১৩ |
| ৯৪ | IV | হাবখালী নৌকা ঘাট - পিরলো বাজার | চিত্রা | ৪৩ |
| ৯৫ | IV | নোয়াপাড়া ভৈরব সেতু (আফরা) - গড়ের বাজার | ভৈরব নদ | ৩৯ |
| ৯৬ | IV | আশাশুনি - গাঙ্গুলিয়া বাজার | বেতনা | ১২২ |
| ৯৭ | IV | ভেটখালী বাজার - চিংড়াখালি | মাদার গাং | ১৩ |
| ৯৮ | IV | কুলবাড়িয়া - বাঁশতলা (খুলনা) | জয়খালী খাল | ২২ |
| ৯৯ | IV | যাত্রাপুর বাজার - কলকলিয়া সুরিগাতি | ভৈরব | ২৫ |
| ১০০ | IV | সাগলাদা স্লুইচ গেট - দক্ষিণ কাকরাপাড়া | আঠারোবেকি | ২৮ |
| ১০১ | IV | মাঠভাঙ্গা স্লুইচ গেট - পাটনা স্লুইচ গেট | আঠারোবেকি | ১২ |
| ১০২ | IV | বেকারখাল বাজার - মধ্যবকাতি | বলেশ্বর | ১৯ |
| ১০৩ | IV | সাটকাশিমা - মাটিভাঙ্গা - রামনগর খেয়া ঘাট | দিঘিজান খাল | ২৬ |
| ১০৪ | IV | মাটিভাঙ্গা  ইউনিয়ন পরিষদ - হোগলাবুনিয়া | বলেশ্বর | ১০ |
| ১০৫ | IV | শেখের মার্কেট (বাতিয়া বাজার) - নদেরচান্দ বাজার | মধুমতি বিল রুট | ৪৭ |
| ১০৬ | IV | কামারগ্রাম - নদেরচান্দ বাজার | মধুমতি বিল রুট (শাখা) | ৩ |
| ১০৭ | IV | হাটবাড়িয়া (চন্দনা নদীর উৎস মুখ) - ইব্রাহীমদি (কানাইপুর) | চন্দনা | ৪৯ |
| ১০৮ | IV | মুন্সির হাট - চর খোরাতলা | পালং | ২০ |
| ১০৯ | IV | কলমা - মাদনা - আদমপুর | কুশিয়ারা (শাখা) | ১৪ |
| ১১০ | IV | রসাইতলা - ঘাগরা | ঘাতিয়া | ৪৮ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘চ’ অংশ

### ৫ম (পঞ্চম) শ্রেণির নৌপথের তালিকা

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১ | V | বালিয়াডাঙ্গি - জাগদল | তিরনিয়া | ৩৩ |
| ২ | V | টাঙ্গন ব্যারেজ - রানী ঘাট র‍্যাবার ড্যাম | টাঙ্গন | ৯২ |
| ৩ | V | ডাহুক টি রিসোর্ট - কাজী টি রিসোর্ট | ডাহুক | ১২ |
| ৪ | V | শেখ রাসেল মিনি স্টেডিয়াম (পঞ্চগড়) - পুরাতন ভোজনপুর সেতু (তেঁতুলিয়া) | চাউলী | ২০ |
| ৫ | V | পঞ্চগড় - মোহনপুর সীমান্ত | করতোয়া | ১৩৬ |
| ৬ | V | সীটসুন্দরা - উলিপুর - কাহারোল - জিন্দাপুর | পুনর্ভবা | ৭৮ |
| ৭ | V | পোড়াপুকুর বাজার - পুলহাট বাজার - বৈরাগীপাড়া সীমান্ত | রাক্ষশিনি, তেতুলিয়া (তুলাই) | ৭০ |
| ৮ | V | বরিয়া কালী মন্দির - শ্রীমন্তপুর দোমনিঘাট | শোয়া | ২১ |
| ৯ | V | বিরগঞ্জ - মাঝাডাঙ্গা | ঢেপা | ৩১ |
| ১০ | V | যমুনেশ্বরী সেতু - খানপুর | যমুনেশ্বরী/ করতোয়া (নীলফামারী) | ৩৩৮ |
| ১১ | V | চৌমোহনি - শেখপাড়া | ঘিরনাই | ২২ |
| ১২ | V | বাসুপাড়া - কুলানন্দপুর | ঘিরনাই | ৮২ |
| ১৩ | V | বুড়িতিস্তা ক্রস পয়েন্ট (সাইফোন) - বুড়িতিস্তা আউটফল | বুড়ী তিস্তা | ১৮ |

| ক্রম | প্রস্তাবিত শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| ১৪ | V | বাউড়া সীমান্ত - গদিমারী সেতু | ছাটি | ১৬ |
| ১৫ | V | নন্দিগ্রাম - বটতলি | হারাবতি | ৩৮ |
| ১৬ | V | বারইপাড়া সীমান্ত - সুলতানগঞ্জ বোট টার্মিনাল | মহানন্দা | ৭৭ |
| ১৭ | V | কামারগঞ্জ বাজার - নোয়াহাটা - সাহেবগঞ্জ সেতু | আত্রাই (শাখা), গদাই, বারনাই, শিব | ১৩৫ |
| ১৮ | V | নকলা সেতু, হোরগাতি - সুবর্ণগাতি সেতু | ইছামতি | ১৮ |
| ১৯ | V | এনায়েতপুর - বঙ্গবন্ধু সেতু | যমুনা (শাখা) | ২৩ |
| ২০ | V | বাদলগাছী - ধামুরহাট | ছোট যমুনা | ৩২ |
| ২১ | V | গমনাতি - সাজতান | বুড়ি তিস্তা | ২৯ |
| ২২ | V | ধলাগাতি - বদরগঞ্জ | আখিরামচা | ১৬ |
| ২৩ | V | শালঙ্গা বাজার - বাঘাবাড়ী (বড়াল সেতু) | গোহালা | ৪১ |
| ২৪ | V | কল্যাণপুর - ময়মনসিংহ - শিবগঞ্জ | সুতাই | ৬৭ |
| ২৫ | V | কালিবাড়ি - শিবগঞ্জ | আইমান, আখিলা | ৬১ |
| ২৬ | V | পাকুলা বাজার - চণ্ডীতলা - কাশিঙ্গার | লৌহজং | ৮১ |
| ২৭ | V | ত্বরা (সেতু) - আগ দিঘুলিয়া বাজার | কালীগঙ্গা | ৩৪ |
| ২৮ | V | গফরগাঁও - ত্রিমোহনী | সুতিয়া | ২১ |
| ২৯ | V | ঘোড়াদি (গফরগাও) - চামড়া ঘাট (করিমগঞ্জ) | নরসুন্দর | ৫৫ |
| ৩০ | V | সুতার বাজার সেতু - নেত্রকোণা - জামঢালা বাজার | মগরা , সমেশ্বরী | ৭২ |
| ৩১ | V | জাফলং - কোম্পানীগঞ্জ | ধলা | ৯ |
| ৩২ | V | গোয়াইনঘাট - লামা বাজার | গোয়াইন , পিয়াইন | ৮ |
| ৩৩ | V | ইদনপুর - পলিরচর | চামটি | ৭ |
| ৩৪ | V | লালপুর ব্রিজ - জাওয়া বাজার - হোসেনপুর বাজার | মহাশিং, সুরমা (শাখা) | ৪৭ |
| ৩৫ | V | বলনপুর - ভাটিয়াপাড়া | পিয়াইন | ২৫ |
| ৩৬ | V | কংসঘাট ঘাট - কাওয়ালি কোনা - আম্বুলিপাড়া রাজী বাজার | সাইদুলি | ৫৭ |
| ৩৭ | V | ইটনা - বরশিকুড়া বাজার | ধনুর (শাখা) | ৭ |
| ৩৮ | V | রাজী বাজার - কুর্শি | বারুনী | ১৭ |
| ৩৯ | V | নীলগঞ্জ - গাঙ্গাইল বাজার | নরসুন্দর | ১০ |
| ৪০ | V | দুর্গাপুর - পাঞ্জারাই | বিবিয়ানা | ২৪ |
| ৪১ | V | ভূকশিমইল ইউনিয়ন - দক্ষিণ শিলুয়া | জুরি | ২১ |
| ৪২ | V | মনু ব্যারেজ (মৌলভীবাজার) - আলীনগর সীমান্ত | মনু | ৪৩ |
| ৪৩ | V | মাধবপুর - চান্দুরা | সোনাই | ১২ |
| ৪৪ | V | মেহেরপুর - পেরিটোলা বাজার -পারনন্দুয়ালি - বোয়ালিয়া সেতু - কাঞ্চনপুর | কুমার (চুয়াডাঙ্গা), কালীগঙ্গা | ২৬২ |
| ৪৫ | V | ঘোড়াখালী সেতু - ধোপাখালী | চিত্রা (চুয়াডাঙ্গা) | ১৫৭ |
| ৪৬ | V | হযরতহাটি তালতলা (চুয়াডাঙ্গা) - সুবালপুর সেতু | মাথাভাঙ্গা | ২৫ |
| ৪৭ | V | দক্ষিণ শিকারপুর – রাধাকান্তপুর | বেগতিয়া | ৪২ |
| ৪৮ | V | তালা - চৌগাছা - কোটচাঁদপুর - মহেশপুর | কপোতাক্ষ নদ | ১৬১ |
| ৪৯ | V | ত্রিমোহনী হরিহর - ঠাকুরবাড়ি ক্লোজার | হরিহর | ৯ |
| ৫০ | V | গৌরাঙ্গা বাজার স্লুইচ গেট - চুলকাঠি পাড়া | পশুর শাখা | ১৫ |
| ৫১ | V | ফয়লাহাট স্লুইচ গেট - রাজিতপুর গুচ্ছ গ্রাম | ভোলা খাল (বাগেরহাট) | ৮ |
| ৫২ | V | ভবদহ ক্লোজার - ত্রিমোহনী (যশোর) | হাপারখালি | ৪৪ |
| ৫৩ | V | সোনাপুর - রাওতারা শ্মশান | ফটকি | ৪৯ |
| ৫৪ | V | মুলাদী বেইলি ব্রিজ - পশ্চিম রামশীল | মুলাদী নালা | ১০ |
| ৫৫ | V | বাঁশতলা - মৌলভিবাজার - পাটরখোলা | ধলাই | ৫২ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।